দৈনিক
ইত্তেফাক

তারিখ: 17 SEP 2016
পৃষ্ঠা 6 কলাম 6

# জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রিতে পাসের হার ৭৩.৬৬ শতাংশ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার গড় পাসের হার ৭৩ দশমিক ৬৬ শতাংশ। শনিবার রাতে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ শাখা থেকে এক তথ্য বিবরণীতে জানানো হয়, সারাদেশে ৬৮৩ কেন্দ্রে ১৬৭৮ কলেজের সর্বমোট ৩ লাখ ৬৯ হাজার ২৭৭ জন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে।

পরীক্ষার ফলাফলের পরিসংখ্যান হচ্ছে—প্রথম বর্ষে মোট পরীক্ষার্থী আট হাজার ৮৮২ জন। উত্তীর্ণ হয়েছে পরীক্ষার্থী ৬ হাজার ৩২৪ জন। দ্বিতীয় বর্ষে মোট পরীক্ষার্থী এক লাখ ৯০ হাজার ৯৮৯ জন। উত্তীর্ণ হয়েছে পরীক্ষার্থী এক লাখ ৮১ হাজার ২৭২ জন। তৃতীয় বর্ষ (চূড়ান্ত) মোট পরীক্ষার্থী এক লাখ ৬৯ হাজার ৭৪ জন। উত্তীর্ণ হয়েছে পরীক্ষার্থী এক লাখ ২৪ হাজার ৫৩৬ জন। সার্টিফিকেট কোর্সে মোট পরীক্ষার্থী ৩৩২ জন। উত্তীর্ণ হয়েছেন ১২১ জন। তৃতীয় বর্ষ (চূড়ান্ত) পরীক্ষা ফলাফলের পরিসংখ্যান হচ্ছে—বিএ মোট পরীক্ষার্থী ৫১ হাজার ৯২২ জন। উত্তীর্ণ ৩৮ হাজার ৩৫০ জন।

বিএসএসে মোট পরীক্ষার্থী ৭৫ হাজার ৪৩৩ জন। উত্তীর্ণ ৫৫ হাজার ৯৫৯ জন। বিবিএস মোট পরীক্ষার্থী ৩৮ হাজার ৫৭২ জন। উত্তীর্ণ ২৮ হাজার ৪৮ জন। বিএসসি মোট পরীক্ষার্থী তিন হাজার ১৪৭ জন। উত্তীর্ণ দুই হাজার ১৭৯ জন। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন ও কলেজওয়ারী ফলাফল www.nu.edu.bd ও www.nubd.info ওয়েবসাইট থেকে জানা যাবে। যে কোন মোবাইল থেকে SMS করেও ফলাফল জানা যাবে। এ ক্ষেত্রে Message অপশনে গিয়ে nu<space>deg <space> Reg no লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।